# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২২২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيهِ حَتَّى جَلَسَ عَلَى الْمِنْبَرِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: «أَمَّا بَعْدُ فَإِنَّ النَّاسَ يَكْثُرُونَ وَيَقِلُّ الْأَنْصَارُ حَتَّى يَكُونُوا فِي النَّاسِ بِمَنْزِلَةِ الْمِلْحِ فِي الطَّعَامِ فَمَنْ وَلِيَ مِنْكُمْ شَيْئًا يَضُرُّ فِيهِ قَوْمًا وَيَنْفَعُ فِيهِ آخَرين فليقبل عَن محسنهم وليتجاوز عَن مسيئهم» رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (3628) ـ

(صَحِيح)

বাংলা

৬২২২-[২৭] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে অসুস্থতায় নবী (সা.) মৃত্যুবরণ করেছেন, সে পীড়ার সময় তিনি একদিন ঘর হতে বের হয়ে এসে (মসজিদের) মিম্বারে বসলেন। অতঃপর আল্লাহ তা’আলার প্রশংসা ও তার গুণাবলি বর্ণনা করলেন। তারপর বললেন, আম্মা বা’দ (হে লোকসকল! শোন! মুমিন) লোকেদের সংখ্যা বাড়তে থাকবে আর আনসারদের সংখ্যা কমতে থাকবে। পরিশেষে তাঁরা খাদ্যের মধ্যকার লবণতুল্য হয়ে দাঁড়াবে। অতএব, তোমাদের কেউ যদি কোন ক্ষমতার অধিকারী হয়, যার ফলে সে (ইচ্ছা করলে) কোন গোত্রের ক্ষতিও করতে পারে কিংবা উপকারও করতে পারে, তার উচিত হবে যেন সে আনসারদের ভালো লোকেদের (সৎকর্মকে) সাদরে গ্রহণ করে এবং তাদের মন্দ লোকেদের (অন্যায় আচরণকে) ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৬২৮, ৩৭৯৯ সহীহুল জামি' ২৫৪৭, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৪২১৫, আস্

সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮৩৪৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৪৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের ব্যাখ্যায় তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসে বলা হয়েছে যে, আনসারদের সংখ্যা কমে যাচ্ছে। তার কারণ হলো, আনসার তো হলেন শুধু তারাই যারা রাসূলুল্লাহ (সা.)-কে আশ্রয় দিয়েছেন এবং তার দুর্বল ও কঠিন অবস্থায় সাহায্য করার সময় তো চলে গেছে যা আর আসবে না। যেহেতু সেই সময়টি আর আসবে না, তাই আর কেউ তাদের মতো আনসারও হতে পারবে না। এজন্যই দিন দিন আনসারদের সংখ্যা কমে যাচ্ছে। কেউ তাদের স্থলাভিষিক্ত হতে পারছে না।
আনসারদেরকে লবণের সাথে তুলনা করা হয়েছে এদিক থেকে যে, খাবারের মধ্যে যেমন- লবণের পরিমাণ অন্যান্য জিনিসের তুলনায় কম থাকে ঠিক মুহাজিরদের তুলনায় আনসারদের সংখ্যা তেমন কম থাকবে যা পরবর্তী সময়ে বাস্তবায়িত হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86198

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন